গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

স্মারক নং: ৩৭.০২.০০০০.১১৪.১৮.২৮২.২২-৭২৯৯

তারিখ: ২৪ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ / ০৮ আগস্ট ২০২৩ খ্রি.

বিষয়: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন আঞ্চলিক কার্যালয়/সরকারি কলেজ/শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট/জেলা শিক্ষা অফিস/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস/সরকারি মাধ্যমিক বিদ্যালয়/বেসরকারি এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে আয়-ব্যয়ের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে জরুরী নির্দেশনা।

সূত্র: ১। শিক্ষা অডিট অধিদপ্তরের স্মারক নং-৮২.১৬.০০০০.১০১.৯৯.১৮৬.২৩-৫৫/২০২২-২০২৩/, তারিখ: ৩১.০৭.২০২৩ খ্রি.
২। মাউশি'র স্মারক নং- ৩৭.০২.০০০০.১১৪.০১.১৩২.১৮-৫৪১০(১), তারিখ: ০৭/০৮/২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা অডিট অধিদপ্তর এবং পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক বিভিন্ন অর্থ বছরে নিরীক্ষা কার্যক্রম সম্পাদনপূর্বক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন আঞ্চলিক কার্যালয়/সরকারি কলেজ/শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট/জেলা শিক্ষা অফিস/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস/সরকারি মাধ্যমিক বিদ্যালয়/বেসরকারি এমপিওভুক্ত অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠানসমূহে আয়-ব্যয়ের ক্ষেত্রে আয়কর, মূল্য সংযোজন কর (মূসক), উৎসে আয়কর কর্তন, পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ সহ সংশ্লিষ্ট আর্থিক বিধি-বিধান অনুসরণ করা হয় না মর্মে অডিট আপত্তি উত্থাপন করে। ইতোপূর্বে ২ নং স্মারক মোতাবেক এতদবিষয়ে জরুরী নির্দেশনা জারী করা হয়েছিল। বর্ণিত প্রেক্ষাপটে আয়-ব্যয়ের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে শিক্ষা অডিট অধিদপ্তরের স্মারক অনুযায়ী নিম্নোক্ত বিষয়াদি অনুসরণ করার জন্য নির্দেশনা প্রদান করা হলো:

১. পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ ও সংশ্লিষ্ট আর্থিক বিধি-বিধান প্রতিপালন করে সর্বোচ্চ স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করে সকল প্রকার ক্রয় কার্যক্রম সম্পাদন করতে হবে।
২. প্রতিষ্ঠানের অর্থ সংস্থান মোতাবেক আর্থিক বিধি-বিধানের আলোকে অর্থ ব্যয় নির্বাহ করতে হবে।
৩. প্রযোজ্য ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা অনুযায়ী আয়কর ও মূল্য সংযোজন কর (মূসক) কর্তনপূর্বক রাষ্ট্রীয় কোষাগারে (চালানের মাধ্যমে) জমা করতে হবে এবং জমাকৃত চালানের ফটোকপি প্রতি অর্থবছরের আগস্ট মাসের মধ্যে (ই-মেইল: ad-f_p2@dshe.gov.bd) আবশ্যিকভাবে **সহকারী পরিচালক-২, অর্থ ও ক্রয় শাখা**, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা এর নিকট জমা দিতে হবে।
৪. অগ্রিম উত্তোলিত অর্থ ব্যয়ের ক্ষেত্রে সমন্বয়ের মাধ্যমে প্রচলিত সরকারি আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।
৫. আইবাস++ এর মাধ্যমে প্রদত্ত বরাদ্দ বর্ণিত কোডসমূহের বিপরীতে বিদ্যমান সরকারি নীতিমালা অনুসারে ব্যয় করতে হবে এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত কোনোভাবেই অতিরিক্ত অর্থ ব্যয় করা যাবে না।
৬. আইবাস++ এর মাধ্যমে এক কোডে বরাদ্দকৃত অর্থ অন্য কোডে ব্যবহার/ব্যয় করা যাবে না।
৭. নিরীক্ষা কার্য সম্পাদনের জন্য বাজেট রেজিষ্টার, ক্যাশ বই, চেক ইস্যু সংক্রান্ত রেজিস্টার, স্টক রেজিস্টার, বিল রেজিস্টার ও বিল-ভাউচার সংক্রান্ত সকল ফাইল সংরক্ষণ করতে হবে।
৮. অব্যয়িত অর্থ নির্ধারিত সময়ের মধ্যে সমর্পণ করে সমন্বয়ের প্রত্যয়নপত্র সংরক্ষণ করতে হবে।
৯. শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বেসরকারিভাবে গৃহীত প্রাপ্ত অনুদান সরকারি বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়নে ও ছাত্র-ছাত্রীদের কল্যাণে ব্যয় করতে হবে এবং আয়-ব্যয়ের বিবরণী অর্থ ও ক্রয় শাখা (মাউশি)-কে অবহিত করতে হবে।
১০. সরকারি-বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ কর্তৃক সংগৃহীত তহবিল স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের নামে পরিচালিত ব্যাংক হিসাবে জমা করতে হবে এবং উত্তোলনের ক্ষেত্রে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান ও প্রতিষ্ঠান ব্যবস্থাপনা পরিচালনা কমিটি প্রধানের যৌথ স্বাক্ষরে ব্যয় নির্বাহ নিশ্চিত করতে হবে।
১১. শিক্ষা প্রতিষ্ঠানের স্থায়ী-অস্থায়ী সম্পত্তি সংক্রান্ত আয়-ব্যয়ের (ভাড়া, ইজারাসহ) ক্ষেত্রে সরকারি প্রচলিত বিধি-বিধান অনুসরণ করতে হবে।
১২. অফিস/শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ তাঁদের ওপর অর্পিত দায়িত্ব হস্তান্তরের পূর্বে সংশ্লিষ্ট অফিস/শিক্ষা প্রতিষ্ঠানের নিরীক্ষা ও প্রশাসনিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্তে আর্থিক ব্যবস্থাপনা বিষয়ক ডকুমেন্টস (বাজেট রেজিষ্টার, ক্যাশ বই, চেক ইস্যু সংক্রান্ত রেজিস্টার, স্টক রেজিস্টার, বিল রেজিস্টার, বিল-ভাউচার ইত্যাদি) যথাযথভাবে হস্তান্তর করবেন এবং দায়িত্বপ্রাপ্ত অফিস/শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ তাঁদের পূর্বসূরীর নিকট থেকে বর্ণিত ডকুমেন্টস সঠিকভাবে বুঝে নিবেন।
১৩. অর্থ ব্যয়ের ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে সময়ে সময়ে জারিকৃত সকল সরকারি বিধি-বিধান মেনে চলতে হবে।

১৪. প্রতিটি শিক্ষা অফিস এবং শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে প্রতি অর্থবছরের আগস্ট মাসের মধ্যে বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) ও বার্ষিক আয়-ব্যয় প্রস্তুত করে **সহকারী পরিচালক-২, অর্থ ও ক্রয় শাখা, মাউশি** (ই-মেইল: ad-f_p2@dshe.gov.bd) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা এর নিকট জমা দিতে হবে।

১৫. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অর্থ ও ক্রয় শাখার কর্মকর্তাগণ বর্ণিত স্মারক মোতাবেক মাউশি'র আওতাধীন মাঠ পর্যায়ের যেকোনো অফিস/শিক্ষা প্রতিষ্ঠানের আর্থিক স্বচ্ছতা নিশ্চিতকরণে তাৎক্ষণিকভাবে পরিদর্শন করবেন।

এতদবিষয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সকল অফিস/সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে উপরোল্লিখিত বিধি-বিধান অনুসরণপূর্বক প্রয়োজনীয় তথ্যাদি/ডকুমেন্টস হালনাগাদ করে রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-
অধ্যাপক নেহাল আহমেদ
মহাপরিচালক
ফোন: +৮৮০২ ২৩৩৫১০৫৭

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

আঞ্চলিক পরিচালক/অধ্যক্ষ, সরকারি কলেজ/পরিচালক, শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট/উপ-পরিচালক, আঞ্চলিক কার্যালয়/জেলা শিক্ষা কর্মকর্তা/প্রধান শিক্ষক, সরকারি মাধ্যমিক বিদ্যালয়/উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা/অধ্যক্ষ, বেসরকারি কলেজ/প্রধান শিক্ষক, বেসরকারি মাধ্যমিক/নিম্ন মাধ্যমিক বিদ্যালয় (সকল)।

স্মারক নং: ৩৭.০২.০০০০.১১৪.১৮.২৮২.২২- ৭২৭৭

তারিখ: ২৪ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
০৮ আগস্ট ২০২৩ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. মহাপরিচালক, শিক্ষা অডিট অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা;
৩. পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
৪. পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা;
৫. উপ-পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
৬. সহকারী পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
৭. কর্মকর্তা (সকল), অর্থ ও ক্রয় শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
৮. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা;
৯. বিভাগীয়/জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল);
১০. সিনিয়র সিস্টেমস এনালিস্ট (আইসিটি), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (www.shed.gov.bd ওয়েবসাইট এর- General Notice অংশে প্রকাশের অনুরোধসহ);
১১. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (www.dshe.gov.bd ওয়েবসাইট: General Notice এর Circular এবং সকল শাখার অংশে প্রকাশের অনুরোধসহ);
১২. পি এ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
১৩. সংরক্ষণ নথি।

০৮/০৮/২০২৩
(মোঃ জাহাঙ্গীর আলম)
সহকারী পরিচালক-২
অর্থ ও ক্রয় শাখা
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
ফোন: +৮৮০২ ৪১০৫২১৬৫
ই-মেইল: ad-f_p2@dshe.gov.bd